# বিকেএসপি বুলেটিন

ক্রীড়ায় শ্রেষ্ঠত্ব
Excellence in Sports

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের সমসাময়িক ঘটনা প্রবাহের সংকলন

বর্ষ ২৮, সংখ্যা-২, আষাঢ়-পৌষ ১৪৩২, জুলাই-ডিসেম্বর ২০২৫

## অনূর্ধ্ব-১৫ জাতীয় ফুটবল টুর্নামেন্ট প্রতিযোগিতায় বিকেএসপি যৌথ চ্যাম্পিয়ন




বাংলাদেশ ফুটবল ফেডারেশন-এর উদ্যোগে আয়োজিত অনূর্ধ্ব-১৫ জাতীয় ফুটবল টুর্নামেন্ট-২০২৫ এর ফাইনাল খেলায় বিকেএসপি ও বরিশাল যৌথ চ্যাম্পিয়ন হয়েছে। গত ৩০ ডিসেম্বর, নোয়াখালীর শহীদ ভুলু স্টেডিয়ামে প্রতিযোগিতার চূড়ান্ত পর্বের ফাইনাল খেলাটি সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে স্থগিত করে দুই দলকে যৌথ চ্যাম্পিয়ন ঘোষণা করা হয়। টুর্নামেন্টের সেরা খেলোয়াড় হয়েছেন বিকেএসপির মোহাম্মদ নাফিদ।

## ইসলামিক সলিডারিটি গেমসে খৈ খৈ সাই মারমার সাফল্য

সৌদি আরবের রিয়াদে ইসলামী সলিডারিটি গেমসের টেবিল টেনিসের মিশ্র দ্বৈতে বাংলাদেশের মারমা জুটি রৌপ্য পদক জিতেছে। ফাইনালে জাভেদ ও খৈ খৈ জুটি ০-৩ সেটে তুরস্কের কাছে হেরে যান। এর আগে সেমিফাইনালে বাংলাদেশের এই জুটি ৩-১ সেটে বাহরাইনকে হারিয়ে ফাইনালে উঠে। খৈ খৈ বর্তমানে বিকেএসপিতে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত।



## জাপানকে হারিয়ে স্বর্ণ জিতলেন বিকেএসপি'র উশাচিং মারমা




ভুটানের রাজধানী থিম্পুতে অনুষ্ঠিত ২য় আন্তর্জাতিক চিলড্রেন'স জুডো চ্যাম্পিয়নশিপে বিকেএসপি'র শিক্ষার্থী উশাচিং মারমা বিজয় স্বর্ণপদক জিতেছেন। (+৬০ কেজি) ওজন শ্রেণির ফাইনালে তিনি জাপানের জুডোকাকে হারিয়ে এ কৃতিত্ব অর্জন করেন। উল্লেখ্য বিদেশের মাটিতে এটাই বিজয়ের প্রথম সর্বোচ্চ অর্জন।

## জাতীয় উশু প্রতিযোগিতায় বিকেএসপি'র সাফল্য




গত ২৩ থেকে ২৭ জুলাই, ২০২৫ মিরপুরের শহীদ সোহরাওয়ার্দী ইনডোর স্টেডিয়ামে ১৮তম জাতীয় উশু প্রতিযোগিতায় বিকেএসপি ২টি স্বর্ণ পদক অর্জন করে।এবারের প্রতিযোগিতায় সেনাবাহিনী, বর্ডার গার্ড বাংলাদেশ, পুলিশ, আনসার এবং বিকেএসপিসহ ২৮টি দল অংশ নেয়।

## এশিয়া কাপ হকি প্রতিযোগিতায় বিকেএসপি'র নারী ও পুরুষ দলের সাফল্য





গত ০৩-১৩ জুলাই ২০২৫ চীনের দাজহুতে অনুষ্ঠিত অনূর্ধ্ব-১৮ এশিয়া কাপ হকিতে বাংলাদেশ নারী দল ইতিহাস গড়ে ব্রোঞ্জ পদক জিতেছে টুর্নামেন্টে প্রথমবার অংশ নিয়েই মেয়েরা কাজাখস্তানকে ৬-২ গোলে হারিয়ে এই সাফল্য পায়। অন্যদিকে, অনূর্ধ্ব-১৮ পুরুষ দল দুর্দান্ত শুরু করে এবং হংকংকে ৩-০ গোলে হারিয়ে সেমিফাইনাল নিশ্চিত করলেও শেষ পর্যন্ত চতুর্থ স্থানে থেকে টুর্নামেন্ট শেষ করতে হয় । উল্লেখ্য পুরুষ ও নারী উভয় দলেই বিকেএসপির সাবেক ও বর্তমান খেলোয়াড়রা বাংলাদেশের হয়ে প্রতিনিধিত্ব করে।

## ২য় জাতীয় ফিন সুইমিং ও ফ্রি ড্রাইভিং চ্যাম্পিয়নশিপে বিকেএসপি



গত ৩০ ডিসেম্বর, মিরপুরের জাতীয় সুইমিং কমপ্লেক্সে আয়োজিত ২য় জাতীয় ফিন সুইমিং ও ফ্রি ড্রাইভিং চ্যাম্পিয়নশিপ-২০২৫ এ বিকেএসপি ৩টি স্বর্ণ, ৭টি রৌপ্য ও ৫টি ব্রোঞ্জ পদক অর্জন করে। মিয়া ভাই ফাউন্ডেশনের উদ্যোগে অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় বিকেএসপি ছাড়াও বাংলাদেশ সেনাবাহিনীসহ বিভিন্ন ক্লাব অংশগ্রহণ করে।

## বিকেএসপি'র কৃতি প্রশিক্ষণার্থীদের সম্মাননা অনুষ্ঠান





গত ১১ ডিসেম্বর সন্ধ্যায়, বিকেএসপিতে প্রশিক্ষণরত প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে ২০২৫ সালে সাফল্য অর্জনকারী খেলোয়াড়দের সম্মাননা প্রদানের উদ্দেশ্যে কৃতি প্রশিক্ষণার্থীদের বাৎসরিক পুরস্কার প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মুনীরুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিভিন্ন প্রতিযোগিতায় পদক প্রাপ্ত কৃতি প্রশিক্ষণার্থীদের মাঝে সম্মান সূচক প্রতীক, সম্মাননা সনদ ও নগদ অর্থ প্রদান করেন। ক্রিকেট বিভাগের নিশিতা আক্তার নিশিকে ২০২৫ সালের সার্বিক বিচারে সর্বোচ্চ পুরস্কার হিসেবে বিকেএসপির ব্লু ও বিকেএসপি ব্লেজার প্রদান করা হয়। অপরদিকে এ বছরে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন বা ব্যক্তিগত স্বর্ণ পদক অর্জন করার স্বীকৃতি স্বরূপ ৭২ জনকে বিকেএসপি কালার, ইনসিগনিয়া প্রতীক, অর্থ পুরস্কার, ব্লেজার ও সম্মাননা সনদ প্রদান করা হয়।

## বিকেএসপিতে দেশের ক্রীড়াঙ্গনে নারী খেলোয়াড়দের সামাজিক সুরক্ষা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

বাংলাদেশের ক্রীড়াঙ্গনে নারীর অংশগ্রহণ প্রতিনিয়ত বাড়লেও, তাদের সামাজিক সুরক্ষা এখনো চ্যালেঞ্জের মুখে। পরিবার, সমাজ, প্রতিষ্ঠান ও ক্রীড়া কাঠামোতে নানা বাধা ও ঝুঁকি নারীদের ক্রীড়া ক্যারিয়ারকে ব্যাহত করছে। এ সমস্যা উত্তরণের লক্ষ্যে গত ২৫ নভেম্বর বিকেএসপি'র অডিও ভিজ্যুয়াল সেন্টারে মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মুনীরুল ইসলাম, এসজিপি, এসইউপি, পিএসসি, পিএইচডি এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়- "দেশের ক্রীড়াঙ্গনে নারী খেলোয়াড়দের সামাজিক সুরক্ষা"শীর্ষক একটি সেমিনার।



## বিকেএসপির লিজেন্ডারি খেলোয়াড়দের নাম ফলক উন্মোচন




গত ১০ ডিসেম্বর ২০২৫, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) এর ৩৯ বছরের গৌরবময় ইতিহাসে যারা নিজেদের মেধা, কঠোর পরিশ্রম ও সাফল্যের মাধ্যমে দেশের ক্রীড়াঙ্গনে অবদান রেখেছেন সেইসব ৫০ জন কিংবদন্তি খেলোয়াড়ের নাম আনুষ্ঠানিকভাবে প্রকাশ ও সম্মাননার আয়োজন করা হয়। বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. মুনীরুল ইসলাম ৫০ জন লিজেন্ডারি খেলোয়াড়কে চিহ্নিত করে একটি নাম ফলক উন্মোচন করেন।

## জাপানের আন্তর্জাতিক ফুটবলে খেলার যোগ্যতা অর্জন করলো বিকেএসপি




গত ১২-১৬ আগস্ট, জাপানের ফুফুওয়ারা টকাই বিশ্ববিদ্যালয়ে সাঁতার সকার ফেস্টিভ্যালে বিকেএসপি অনূর্ধ্ব-১৭ ফুটবল দল অংশগ্রহণ করে। বিকেএসপি দলটি জাপানের ফুকুওকাতে দৃষ্টিনন্দন খেলা উপহার দিয়ে ১টি জয়, ১টি পরাজয় ও ১টিতে ড্র করে । ফলে ২০২৬ সালের মার্চ মাসে অনুষ্ঠেয় আন্তর্জাতিক ফুটবল প্রতিযোগিতায় বিকেএসপি ফুটবল দল অংশগ্রহণের যোগ্যতা অর্জন করে ।

## জাতীয় সাঁতার প্রতিযোগিতায় বিকেএসপির সাফল্য



গত ২০-২৩ অক্টোবর মিরপুরে জাতীয় সুইমিং কমপ্লেক্সে ম্যাক্স গ্রুপ ৩৪তম জাতীয় সাঁতার, ডাইভিং ও ওয়াটার পোলো প্রতিযোগিতা ২০২৫ অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় বিকেএসপি ৪টি স্বর্ণ, ৫টি রৌপ্য ও ১০টি ব্রোঞ্জ নিয়ে দলগত ৩য় স্থান লাভ করে। বিকেএসপির জুঁই আক্তার এ প্রতিযোগিতায় নতুন জাতীয় রেকর্ড গড়েন।

## বিকেএসপিতে যুবদের আত্মরক্ষামূলক মৌলিক প্রশিক্ষণ প্রকল্পের শুভ উদ্বোধন




গত ৯ নভেম্বর,২০২৫ বিকেএসপিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে ও বিকেএসপি কর্তৃক পরিচালিত যুবদের আত্মরক্ষামূলক মৌলিক প্রশিক্ষণ প্রকল্পের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। ঢাকা বিকেএসপির ১ম ব্যাচের উদ্বোধনীর মধ্য দিয়ে প্রকল্পের আনুষ্ঠানিকভাবে কার্যক্রম চালু হয়।

## বিকেএসপির প্রশিক্ষণার্থীদের অনুপ্রেরণামূলক অনুষ্ঠানে মুশফিকুর রহিম



বিকেএসপির আমন্ত্রণে প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে মোটিভেশনাল স্পিস প্রদানের লক্ষ্যে গত ১ সেপ্টেম্বর -২০২৫ বিকেএসপিতে আসেন বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক ও বিকেএসপির প্রাক্তন ক্যাডেট মুশফিকুর রহিম। অনুপ্রেরণা সৃষ্টির লক্ষ্যে দেশ-বিদেশের গুণীজনদের আমন্ত্রণ জানানো হয় এ অনুষ্ঠানে। তারই ধারাবাহিকতায় মুশফিকুর রহিম তাঁর জীবন সংগ্রাম ও সাফল্যের কথা তুলে ধরেন অনুজদের সামনে।

## ৪১ তম জাতীয় সিনিয়র ভারোত্তোলন প্রতিযোগিতায় বিকেএসপির সাফল্য



গত ২৩-২৭ সেপ্টেম্বর, বাংলাদেশ ভারোত্তোলন ফেডারেশনকর্তৃক আয়োজিত ৪১ তম জাতীয় সিনিয়র ভারেত্তোলন প্রতিযোগিতা-২০২৫ অনুষ্ঠিত হয়। ঢাকা ভারোত্তোলন জিমন্যাশিয়ামে অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় বিকেএসপি ১টি স্বর্ণ পদক লাভ করে।

## ৫ম নেপাল ওপেন ইন্টারন্যাশনাল তায়কোয়ানডো চ্যাম্পিয়নশিপে বিকেএসপির সাফল্য

গত ১৮-২০ নভেম্বর কাঠমান্ডুর দশরথ স্টেডিয়ামে অনুষ্ঠিত ৫ম নেপাল ওপেন ইন্টারন্যাশনাল তায়কোয়ানডো চ্যাম্পিয়নশিপ-২০২৫ এ বিকেএসপির ছেলেরা ৫টি স্বর্ণ, ২টি রৌপ্য ও ১টি ব্রোঞ্জ লাভ করে। ইন্টারন্যাশনাল মার্শাল আর্টস একাডেমি নেপাল আয়োজিত এই টুর্নামেন্টে কাইরোগি (ফাইট) ও পুমসে ক্যাটাগরিতে বিশ্বের বিভিন্ন দেশের খেলোয়াড়রা অংশগ্রহণ করে।



## এশিয়ান যুব গেমস কাবাডিতে বিকেএসপি'র ছেলেদের কৃতিত্ব

গত ১৯-২৩ অক্টোবর, ২০২৫ বাহরাইনে অনুষ্ঠিত তৃতীয় এশিয়ান যুব গেমসে ইতিহাস সৃষ্টি করেছে বাংলাদেশ অনূর্ধ্ব-১৮ বালক কাবাডি দল। প্রথমবারের মতো এই টুর্নামেন্টে ব্রোঞ্জ পদক জয় করে দেশের জন্য সুনাম বয়ে এনেছে। বাংলাদেশ বালক কাবাডি দল স্বাগতিক বাহরাইনকে ১০৬-১৭ পয়েন্টের বিশাল ব্যবধানে পরাজিত করলেও বাংলাদেশ ও ইরানের পয়েন্ট সমান হওয়াতে পয়েন্ট সমীকরণে ইরান ফাইনাল খেলে। উল্লেখ্য বাংলাদেশ স্কোয়াডে ১৪ জনের মধ্যে ৯ জনই ছিল বিকেএসপির বর্তমান খেলোয়াড়।



## আর্চারি বাংলাদেশ লিগে বিকেএসপির সাফল্য




বাংলাদেশ আর্চারি ফেডারেশন কর্তৃক আয়োজিত বাংলাদেশ লিগ রাউন্ড-৩ গত ২ নভেম্বও, ২০২৫ এ গাজীপুরের টঙ্গীর আর্চারি প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় বিকেএসপি দলগত ২টি রৌপ্য পদক লাভ করে।

## অপরাজেয় আলো নারী হকি টুর্নামেন্ট সেরা বিকেএসপি



১ জানুয়ারি ২০২৬, ব্র্যাক ব্যাংক অপরাজেয় আলো নারী হকি টুর্নামেন্ট ২০২৫-এ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে বিকেএসপি। ঢাকার মাওলানা ভাসানী জাতীয় হকি স্টেডিয়ামে অনুষ্ঠিত ফাইনালে ৮-০ গোলে (ঢাকা ও ময়মনসিংহ অঞ্চল)-কে হারায় দেশের স্বনামধন্য প্রতিষ্ঠান বিকেএসপি। টুর্নামেন্টে সেরা খেলোয়াড়ের খেতাব জিতেছেন বিকেএসপি'র রিয়া। এছাড়া ৫ ম্যাচে ২৪ গোল করে সর্বোচ্চ গোলদাতার পুরস্কার পেয়েছেন একই দলের অর্পিতা।

## ৫ম জাতীয় স্কোয়াশ প্রতিযোগিতায় বিকেএসপির সাফল্য



গত ১৩-১৬ অক্টোবর,২০২৫ বাংলাদেশ স্কোয়াশ ফেডারেশন আয়োজিত ৫ম জাতীয় স্কোয়াশ প্রতিযোগিতায় বিকেএসপির স্কোয়াশ বিভাগের প্রশিক্ষণার্থীরা অ-১৩ গ্রুপে ১টি স্বর্ণ ও অ-১৫ গ্রুপে ১ টি স্বর্ণ ও ১টি রৌপ্য পদক অর্জন করে।

## জাতীয় জুডো (সিনিয়র) প্রতিযোগিতায় বিকেএসপি'র জুডোকাদের সাফল্য



গত ০৬-০৮ নভেম্বর, ২০২৫ বাংলাদেশ জুডো ফেডারেশনের আয়োজনে রাজধানী ঢাকার মিরপুরে শহীদ সোহরাওয়ার্দী ইনডোর স্টেডিয়ামে ৪০তম জাতীয় (সিনিয়র) জুডো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় বিকেএসপি ২টি স্বর্ণ, ১টি রৌপ্য ও ৬টি ব্রোঞ্জ পদক সহ দলগত রানার্সআপ অর্জন করে। বাংলাদেশ সেনাবাহিনী, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি), বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ আনসার, বাংলাদেশ আনসার ও ভিডিপি এবং বিকেএসপি-সহ মোট ১৪টি জুডো দলের অংশগ্রহণে প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয়।

## ২৪ তম এশিয়ান আর্চারি চ্যাম্পিয়নশিপে বিকেএসপি'র আর্চারদের সাফল্য



২৪তম এশিয়ান আর্চারি চ্যাম্পিয়নশিপ-২০২৫ গত ৮ থেকে ১৪ নভেম্বর ঢাকার আর্মি স্টেডিয়াম অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় বিকেএসপির আর্চাররা বাংলাদেশের হয়ে ১টি রৌপ্য পদক ও ১টি তাম্র পদক লাভ করেন। টুর্নামেন্টে এশিয়ার ৩০টি দেশের প্রায় ২০৯ জন আর্চাররা রিকার্ভ ও কম্পাউন্ড–দুই বিভাগেই প্রতিদ্বন্দ্বিতা করেন।

## বিজয় দিবস বক্সিং প্রতিযোগিতায় স্বর্ণজয়ী দুই বক্সার



গত ১৮ ডিসেম্বও, ২০২৫ ঢাকা মোহাম্মদ আলী বক্সিং স্টেডিয়ামে অনুষ্ঠিত জুলাই বিপ্লব উদযাপন বক্সিং প্রতিযোগিতা। প্রতিযোগিতায় ৫৪ কেজিতে বিকেএসপির আবির মাহমুদ এবং ৫৭ কেজিতে মেহেদী হাসান স্বর্ণ জেতেন।

## প্রিফেক্টদের ব্যাজ পরিধান অনুষ্ঠান



শৃঙ্খলা বোধ ও নেতৃত্বের বিকাশের লক্ষ্যে গত ৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখে বিকেএসপিতে নতুন প্রিফেক্টদের ব্যাজ পরিধান অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে সুশৃঙ্খল, উদ্যমী, নীতিবান, পরিশ্রমী, সত্যবাদী ও দায়িত্বশীল প্রশিক্ষণার্থীদের কলেজ প্রিফেক্ট, হাউস প্রিফেক্ট, ডাইনিং প্রিফেক্ট, কালচারাল প্রিফেক্ট নির্বাচন করা হয়। নির্বাচিত প্রশিক্ষণার্থীদের উক্ত অনুষ্ঠানে ব্যাজ পরিধান ও শপথ পাঠ করানো হয়।

## বিকেএসপির থিম সং এর আত্মপ্রকাশ



গত ১ ডিসেম্বর ২০২৫, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)-এর গৌরবময় ইতিহাস, ক্রীড়া চেতনা ও ভবিষ্যৎ দর্শনকে তুলে ধরতে নির্মিত থিম সং ''এসো স্বদেশের পতাকা উড়াই'' শিরোনামে আত্মপ্রকাশ হয়। বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. মুনীরুল ইসলাম অডিও ভিজুয়াল সেন্টারে সকলের উপস্থিতিতে জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানের মধ্য দিয়ে থিম সং উদ্বোধন করেন। উল্লেখ্য ''এসো স্বদেশের পতাকা উড়াই''বিকেএসপির এ থিম সং এর গীতিকার ছিলেন বিকেএসপি ক্রীড়া কলেজের অধ্যক্ষ , শিক্ষকবৃন্দ এবং নিহার আহমেদ, সুর দিয়েছেন বেলাল খান, সঙ্গীত আয়োজনে ছিলেন সজিব এবং শিল্পীবৃন্দ ছিলেন- কণা, বেলাল খান, নদী ও সজিব।

## ৯ম সাউথ এশিয়ান কারাতে চ্যাম্পিয়নশিপে বিকেএসপির অর্জন



গত ২-৯ জুলাই শ্রীলঙ্কার রাজধানী কলম্বোতে অনুষ্ঠিত ৯ম সাউথ এশিয়ান কারাতে চ্যাম্পিয়নশিপ- ২০২৫ অনুষ্ঠিত হয় । ৬ সদস্য বিশিষ্ট বিকেএসপি দল ১টি স্বর্ণ, ১টি রৌপ্য ও ৬টি ব্রোঞ্জ পদক অর্জন করে। টুর্নামেন্টে বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার ৬টি দেশ অংশগ্রহণ করে।

## বিকেএসপির প্রশিক্ষনার্থীদের জন্য 'মিট দ্য প্রেস' অনুষ্ঠানের আয়োজন




বিকেএসপি (বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান) "Meet The Press" প্রতিযোগিতা শিক্ষার্থীদের বাস্তবধর্মী প্রেস কনফারেন্সের অভিজ্ঞতা খেলাধুলা ও মিডিয়ার সম্পর্কে সম্যক ধারণা প্রদানের উদ্দেশ্য আয়োজিত হয়। শিক্ষার্থীদের মধ্যে আত্মবিশ্বাস ও উপস্থাপন দক্ষতা বৃদ্ধি করা, ক্রীড়া বিষয়ক জ্ঞান ও আগ্রহ বাড়ানো, সাংবাদিকতা ও গণমাধ্যম সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা প্রদান যুক্তি, বিশ্লেষণ ও প্রশ্ন করার দক্ষতার উন্নয়ন ঘটানোর মাধ্যমে শিক্ষার্থীদের গড়ে ওঠার পথে সহায়ক ভূমিকা পালন করে। এ প্রতিযোগিতা শিক্ষার্থীদের সংবাদ সম্মেলনের পরিবেশের সাথে পরিচিত করে, সঠিকভাবে প্রশ্ন করা ও উত্তর উপস্থাপনের কৌশল শেখায়, নেতৃত্বগুণ বিকশিত হয়।

**প্রধান পৃষ্ঠপোষক**

ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ সাইফ উল্লাহ এনডিসি, পিএসসি
মহাপরিচালক, বিকেএসপি

**উপদেষ্টা**

কর্নেল মোঃ গোলাম মাবুদ হাসান, পিএসসি
পরিচালক (প্রশিক্ষণ), বিকেএসপি

ড. লুৎফর রহমান
পরিচালক (প্রশাসন ও অর্থ), বিকেএসপি

**সম্পাদক**

লেঃ কর্নেল মোহাম্মদ ইমরান হাসান, পিএসসি
অধ্যক্ষ, ক্রীড়া কলেজ, বিকেএসপি

**সহযোগী সম্পাদক**

মোঃ ছগির হোসেন
উপপরিচালক (প্রশাসন), বিকেএসপি

**সম্পাদনা সহযোগী**

আবু তারেক
উপপরিচালক (অ.দা.) (ক্রীড়া বিজ্ঞান), বিকেএসপি
ড. মোঃ শামীমুজ্জামান
উপাধ্যক্ষ, বিকেএসপি
মর্জিনা বেগম
চীপ কোচ (জিমন্যাস্টিক্স), বিকেএসপি
মোঃ আবু হেনা মোস্তফা কামাল
সহকারী অধ্যাপক, বিকেএসপি
শুভ রায়
প্রভাষক (বাংলা), বিকেএসপি
সৌমিক আহমেদ
প্রভাষক (বাংলা), বিকেএসপি
মো: আশরাফুজ্জামান
জনসংযোগ কর্মকর্তা, বিকেএসপি
রাজীব কুমার দেব
ফটোগ্রাফার, বিকেএসপি